

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
নিকার অধিশাখা
www.cabinet.gov.bd

১৯ অগ্রহায়ণ ১৪২১

নং- ০৪.০০.০০০০.২১২.০৪.০০২.১৩.৮২

তারিখ : -----

০৩ ডিসেম্বর ২০১৪

বিষয় : সরকারি অফিসের জন্য জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন স্থানে পৃথক পৃথক ভবনের পরিবর্তে একই স্থানে পরিকল্পিতভাবে সমন্বিত ভবন নির্মাণ।

সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা-০৩.০৭৩.০৪৬.২৫.০০.০০৪.২০১৪-১৫৯, তারিখ ২৬-১১-২০১৪।

জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন সরকারি অফিস নির্মাণের জন্য প্রায়শ খাস জমিতে অথবা ব্যক্তি মালিকানাধীন জমি অধিগ্রহণপূর্বক স্থাপনা নির্মাণের প্রস্তাব করা হয়। জমির বহুমুখী ব্যবহার বৃদ্ধির কারণে জমির প্রাপ্যতা অব্যাহতভাবে কমে যাচ্ছে। মূল্যবান জমির অপচয় রোধ, জনগণকে যথাসম্ভব একস্থান হতে দ্রুত সরকারি সকল সেবা প্রদান, সরকারি কার্যক্রমের নিবিড় পরিবীক্ষণ, আন্তঃবিভাগীয় সমন্বয় বৃদ্ধি এবং অফিসসমূহের নিরাপত্তা জোরদারকরণের স্বার্থে জেলা ও উপজেলা পর্যায়ে সমন্বিত সরকারি অফিস ভবন স্থাপন আবশ্যিক হয়ে পড়েছে। একইভাবে বিভাগীয় পর্যায়েও সমন্বিত অফিস ভবন স্থাপন করা সমীচীন।


২। গত ১৭-১১-২০১৪ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রী এ বিষয়ে নিম্নোক্ত অনুশাসন প্রদান করেছেন :
“জেলা ও উপজেলা পর্যায়ে পৃথক পৃথক ভবনের পরিবর্তে সরকারি অফিসের জন্য একই স্থানে পরিকল্পিতভাবে সমন্বিত ভবন নির্মাণ করতে হবে”।

৩। এমতাবস্থায়, বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি অফিসের জন্য একই স্থানে পরিকল্পিতভাবে সমন্বিত ভবন নির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। জেলা পর্যায়ে এরূপ সমন্বিত অফিস ভবন নির্মাণের পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত ছকে তথ্যাদি প্রেরণ করতেও অনুরোধ করা হল।

জেলার নাম :

নিজস্ব অফিস ভবন আছে এমন দপ্তরসমূহের নাম	ভাড়া বাড়িতে অবস্থানরত দপ্তরসমূহের নাম	কালেক্টরেট ভবনে অবস্থানরত দপ্তরসমূহের নাম	মন্তব্য
১	২	৩	৪

৪। উপজেলা ও বিভাগীয় পর্যায়ে সমন্বিত সরকারি অফিস স্থাপনের বিষয়ে তথ্য সংগ্রহের জন্য আলাদাভাবে পত্র প্রেরণ করা হচ্ছে।


(হাবিবুল নাহার)
উপসচিব
ফোনঃ ৯৫১৩৬৪৪

ইমেইলঃ nicar_branch@cabinet.gov.bd

কমিশনার
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।

অনুলিপি :

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩। সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।
- ৪। জেলা প্রশাসক, (সকল)।